

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৪১০

১/ বিবিধ

আরবী

من احتجم يوم الثلاثاء لسبع عشرة من الشهر، كان دواء لداء السنة
منكر

أخرجه ابن عدي (144/2) وعنه البيهقي (9/340) من طريق سلام بن سلم الطويل
عن زيد العمي عن معاوية بن قرّة عن معقل بن يسار رضي الله عنه عن النبي
صلّى الله عليه وسلم. وقال البيهقي
"سلام الطويل متروك، وروي عن زيد كما أخبرنا
ثم ساقه بإسناده عن هشيم عن زيد العمي عن معاوية بن قرّة عن أنس رفعه.. فذكره
قلت: وزيد العمي ضعيف، وهشيم ثقة، ولكنه مدلس. فقول الذهبي في "المهذب
"إسناده جيد مع نكارتة". نقله المناوي في "الفيض" وأقره
فغير جيد، كيف وهو قد أورد زيدا هذا في "كتاب الضعفاء والمتروكين" وقال
ليس بالقوي
ثم قال البيهقي
"ورواه أبو جزي نصر بن طريف بإسنادين له عن أبي هريرة رضي الله عنه مرفوعا
وهو متروك لا ينبغي ذكره
وسياتي الحديث بزيادة في التخريج والتحقيق برقم (5575)

বাংলা

১৪১০। যে ব্যক্তি মাসের সতেরো তারিখ মঙ্গলবারে শিঙ্গা লাগবে তা তার জন্য এক বছরের রোগের ঔষুধ হয়ে যাবে।

হাদীসটি মুনকার।

হাদিসটি ইবনু আদী, তার থেকে বাইহাকী সালাম ইবনু সিলম আত-ত্ববীল সূত্রে যায়েদ আশ্মী হতে, তিনি মুয়াবিয়াহ ইবনু কুররাহ হতে, তিনি মাকিল ইবনু ইয়াসার (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। বাইহাকী বলেনঃ সালাম আতত্ববীল মাতরুক।

অতঃপর তিনি হাদিসটি তার সনদে হুশায়েম হতে, তিনি যায়েদ আশ্মী হতে, তিনি মুয়াবিয়াহ ইবনু কুররাহ হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ যায়েদ আলআশ্মী দুর্বল। আর হুশায়েম নির্ভরযোগ্য, তবে তিনি মুদাল্লিস। ইমাম যাহাবী "আলমুহাযযাব" গ্রন্থে বলেনঃ তার সনদটি ভালো সে মুনকার হওয়া সত্ত্বেও। মানবী "আলফায়েয" গ্রন্থে তা উল্লেখ করেছেন এবং তিনি তাকে সমর্থন করেছেন।

কিন্তু হাফিয যাহাবীর এ কথা ভালো নয়। কিভাবে সনদটি ভালো? এমতাবস্থায় যে, তিনি যায়েদকে "কিতাবুযযুয়াফা অলমাতরুকীন" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি শক্তিশালী নন। অতঃপর বাইহাকী বলেনঃ হাদীসটি আবু জুযাই নাসর ইবনু তুরায়েফ দু'টি সনদে আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। তিনি মাতরুক, তাকে উল্লেখ করাই উচিত নয়।

হাদীসটি সম্পর্কে আরো বিস্তারিত ব্যাখ্যা (৫৫৭৫) নম্বরে আসবে।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদিসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72289>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন